



বাংলাদেশের টিকা সনদ অনুমোদন গেল যুক্তরাজ্যের



- A Monitor Desk Report

Date: 09 October, 2021

 Government of the People's Republic of Bangladesh Ministry of Health and Family Welfare	
COVID-19 Vaccination Certificate	
Certificate No: BD	
	
NID Number	<input type="text"/>
Passport No	<input type="text"/>
Nationality	Bangladeshi
Vaccine Name	<input type="text"/>
Total Doses	2

To verify this certificate please
visit www.surokkha.gov.bd/verify
or
scan the QR code.

For any further assistance, please
visit www.dghs.gov.bd or
e-mail: info@dghs.gov.bd

  **ICT**
DIVISION
FUTURE IS HERE

বাংলাদেশের করোনা ভ্যাকসিন সার্টিফিকেটকে স্বীকৃতি দিয়েছে যুক্তরাজ্য।

যুক্তরাজ্যের বাংলাদেশ হাইকমিশন শুক্লাবার পাঠানো এক বার্তায় এ খবর জানিয়েছে।

হাইকমিশন জানিয়েছে, ব্রিটেনের পরিবহন বিভাগ এক ঘোষণায় জানায়, দেশটির অনুমোদিত কোভিড-১৯ টিকার তালিকা ও সনদ স্বীকৃতিতে বাংলাদেশকে যুক্ত করা হয়েছে। ১১ অক্টোবর ভোর ৪টা থেকে স্বীকৃতির এ সিদ্ধান্ত কার্যকর হবে। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনও শুক্লাবার গণমাধ্যমে পাঠানো এক বার্তায় এ খবর জানিয়েছেন।

বার্তায় তিনি বলেন, বাংলাদেশের ভ্যাকসিন সার্টিফিকেশন এখন ব্রিটিশ কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত। আমাদের মিশন তাদের সঙ্গে যোগাযোগ করে আমাদের প্রক্রিয়া বর্ণনা করেছে এবং এখন তারা আমাদের ভ্যাকসিন সার্টিফিকেশনকে স্বীকৃতি দিয়েছে।

ব্রিটেনের এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে দেশটিতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম বলেন, এই সিদ্ধান্ত বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে উষ্ণ দ্বিপক্ষীয় সম্পর্কের প্রতিফলন। এটি দুদেশের মধ্যে ব্যবসা ও ভ্রমণের ক্ষেত্রে অবশিষ্ট বাধা দূর করার জন্য হাইকমিশনের স্থায়ী কূটনৈতিক প্রচেষ্টার ফল।

হাইকমিশনার জানান, ১১ অক্টোবর যুক্তরাজ্য-অনুমোদিত টিকার সম্পূর্ণ ডোজ নেওয়ার পর আর ১০ দিনের হোটেল বা হোম কোয়ারেন্টাইন অথবা কোভিড-১৯ প্রি-প্রস্থান পরীক্ষার প্রয়োজন পড়বে না। তবে ব্রিটেনে আসার পর দ্বিতীয় দিন বা তার আগে কোভিড-১৯ পরীক্ষা করে নেওয়া উচিত। টিকা নেওয়ার প্রমাণ হিসেবে প্রত্যেক ভ্রমণকারীদের বাংলাদেশ কর্তৃপক্ষের দেওয়া টিকার সনদ প্রদর্শন করতে হবে। যেসব ভ্রমণকারীরা ব্রিটেনের অনুমোদিত টিকার পূর্ণ ডোজ সম্পন্ন করেননি তাদের ১০ দিনের কোয়ারেন্টাইনে থাকতে হবে। তাদের কোয়ারেন্টাইন চলা অবস্থায় দ্বিতীয় ও অষ্টম দিন কোভিড-১৯ পরীক্ষা করতে হবে।